

# কবিতা



কবিঃ অনির্বান চন্দ

email: [anirban.chanda@gmail.com](mailto:anirban.chanda@gmail.com)

## আলোচুরি

ছিলেম তখন ছোটটি, বয়স মাত্র পাঁচ  
জানালার ওই চিলতে কোণায়  
খেলেই কাটত সাঁঝ।

স্কুলের পরে দুপুর রোদে  
রবিবারের দিনটি বাদে  
সেই খানেতে বসে বসে ভাবতেম কত কী -  
নীল যে আকাশ, সবজে পাতা  
এমন কেন হয়?  
সূর্য্যি মামা অস্ত গেলে  
আলো কোথায় যায়?  
একদিন তাই ফন্দি কষে  
অজানা কোন খেয়াল বশে  
বাক্স নিয়ে জানালাতে দাঁড়িয়ে গেলেম তাই।

আর তারপর, সেই সোনা রোদের  
যেমনি মুখে পড়া  
তেমনি তাকে বাক্সমধ্যে, বাক্সবন্দী করা।

উদুল প্রাণে, হর্ষ চিতে,  
গেলেম যখন তা দেখাতে  
গর্বভরে সকল জনের মাঝে  
একি হল, কোথায় গেল  
আলোর মেলা যে হারাল  
অশ্রু বাধা মানল নাকো  
বিষম দুখে, লাজে।  
ভেবেছিলাম আলোর তীরে  
অন্ধকারের বুকটা চিরে,  
করব কীর্তি, নাম  
ভাবাই খালি সারটি হল  
আলোর মাঝে লুপ্ত আলো  
রইলেম যে বসে আমি  
বৃথা মনস্কাম।

সেদিনের সেই পুরোনো কথা  
কালের পথে মনের ব্যথা  
হারিয়ে গেছে আজ;  
বুঝেছি তো ভুলটা কোথায়  
চোখ ধাঁধানো জৌলুসে হয়  
স্বপ্ন শুধু স্বপ্ন হয়েই রয়।  
আকাশ জুড়ে তোমার আলো  
সেখানেই সে বেশ তো ভালো,  
মাটির পরে তাকে কেন  
মিছে ডেকে আনা ?  
অমনি যদি হত তবে  
মানুষ না আর থাকত ভবে  
যন্ত্র সবই, যন্ত্রিনের হৃদিশ মিলত না।।